# প্রেস রিলিজ

**ঢাকা, ২২ আগস্ট, ২০২৩**

১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের উদ্যোগ গ্রহণ করেছে সমাজসেবা অধিদপ্তর। এ উপলক্ষ্যে আগামীকাল ২২ আগস্ট বিকাল ৩.০০ টায় আগারগাঁওস্থ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে এক দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জাতীয় শোক দিবস উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণলয় আয়োজিত এ আলোচনা সভা ও দোয়া মাহফিল সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীরমুক্তিযোদ্ধা জনাব নুরুজ্জামান আহমেদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীরমুক্তিযোদ্ধা জনাব আশরাফ আলী খান খসরু এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম। পবিত্র ধর্মগ্রন্থ হতে পাঠের মধ্যদিয়ে শুরু হওয়া এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ মোস্তফা কামাল।

সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব স্বপন কুমার হালদার ও সমাজসেবা অফিসার জনাব সানজিদা সুলতানার সঞ্চালনায় এ অনুষ্ঠানে বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) সৈয়দ মোঃ নুরুল বাসির, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্বাহী সচিব জনাব জনাব মোঃ শহিদুল ইসলাম, জাতীয় সমাজসেবা একাডেমির অধ্যক্ষ ও বাংলাদেশ সমাজসেবা অফিসার্স এসোসিয়েশনের মহাসচিব জনাব মোঃ সাফায়েত হোসেন তালুকদার, সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব এস এম ফজলুল করিম রুমি, সহকারী সমাজসেবা অফিসার রুমানা ফেরদৌসী রিসা কর্মচারীদের পক্ষে বক্তব্য রাখেন জনাব গোলাম ফারুক ও জনাব ফারুক আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীরমুক্তিযোদ্ধা জনাব নুরুজ্জামান আহমেদ এমপি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজীবন দুঃখি মানুষের মুখে হাসি ফোটানোর জন্য কাজ করেছেন। জাতির পিতার সুযোগ্য উত্তরাধিকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর স্বপ্ন সোনার বাংলা বিনির্মাণের জন্য নিরলস পরিশ্রম করে যাচ্ছেন।

আলোচনা শেষে শিশুদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় এবং জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের মাগফেরাত ও মাননীয় প্রধানমন্ত্রীসহ পরিবারের অন্যান্য সদস্যদের দীর্ঘায়ু কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন সমাজসেবা অধিদপ্তরের জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মোঃ ইউসুফ আল মাদানী।


22/8/2023
আদিল মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ )
সমাজসেবা অধিদফতর
ফোন: ০২ ৪৮১১৮৫৬৫


বার্তা সম্পাদক/এস্যাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

.......................................

.......................................